২৮

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 02 OCT 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪

# পরীক্ষা চলাকালে ঢাকা মেডিক্যাল কলেজে বোমাবাজি

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (মঙ্গলবার) ঢাকা মেডিক্যাল কলেজ ক্যাম্পাস ও হোস্টেলে কিছুসংখ্যক বহিরাগত যুবক হাতবোমা ও ককটেলের

(২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## পরীক্ষা চলাকালে

(১ম পৃঃ পর)

বিস্ফোরণ ঘটাইয়া এমবিবিএস পরীক্ষা বানচালের চেষ্টা চালায়। তবে সাধারণ ছাত্ররা বহিরাগতদের প্রতিহত করে। বোমা ও ককটেল বিস্ফোরণের ঘটনায় কলেজ কর্তৃপক্ষ কলেজের লেকচার ক্লাস আগামী ৯ই অক্টোবর পর্যন্ত স্থগিত ঘোষণা করেন। পরীক্ষাদানে অনিচ্ছুক ছাত্রদের সহায়তায় গতকাল এই হামলা পরিচালিত হয়। ঢাকা মেডিক্যাল কলেজ ছাত্র সংসদ, জাতীয়তাবাদী ছাত্রদল, ছাত্রলীগ (আ-অ) ও শিক্ষা সংগ্রাম কমিটি পৃথক পৃথক বিবৃতিতে উল্লিখিত ঘটনার তীব্র নিন্দা ও দোষী ব্যক্তিদের শাস্তি দাবী করে।